



ডিও নং-৩৪.০০.০০০০.০১০.০৪.০৩৭.২৩-১৫২

তারিখঃ ০৫ মে ২০২৬

প্রিয় মহাপরিচালক,

বাংলাদেশের ক্রীড়া উন্নয়নে সরকারের পরিকল্পনার অংশ হিসাবে গৃহীত নতুন কুঁড়ি স্পোর্টস, ২০২৬' প্রতিযোগিতাটি গত ০২ মে ২০২৬ তারিখে সিলেট জেলা স্টেডিয়ামে মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান, এমপি 'উদ্বোধন করেছেন। সারা দেশে ৬৪টি জেলায় একযোগে শুরু হওয়া এ প্রতিযোগিতায় ১২ থেকে ১৪ বছর বয়সী প্রায় ১০ হাজার শিশু কিশোর সিলেট জেলা স্টেডিয়ামে সরাসরি এবং সারাদেশ বিপুল সংখ্যক শিশু-কিশোর ভারুয়ালি সিলেট স্টেডিয়ামের অনুষ্ঠানটি স্বতঃস্ফূর্তভাবে উপভোগ করেছে। আপনার সুযোগ্য নেতৃত্ব এবং আন্তরিক প্রচেষ্টায় বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের প্রশিক্ষণার্থীদের এ প্রতিযোগিতার ০৮ টি ইভেন্টস এর উপর প্রদর্শিত আকর্ষণীয় ও মনোমুগ্ধকর শারীরিক কসরত অনুষ্ঠানটিকে অত্যন্ত প্রাণবন্ত এবং জীবন্ত করে তুলেছে। আপনি এবং বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের আপনার সহকর্মীবৃন্দের অক্লান্ত এবং নিরলস পরিশ্রমের ফলে প্রাকৃতিক প্রতিকূলতা সত্ত্বেও স্টেডিয়ামে এই শারীরিক কসরত অনুষ্ঠানটিতে ভিন্নমাত্রা যোগ করেছে - যা আগামী দিনগুলোতে এ কর্মসূচির জন্য মাইলফলক হয়ে থাকবে। সিলেটের উদ্বোধনী অনুষ্ঠানের সফল আয়োজনের কথা জেলা প্রশাসকের সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী তাঁর বক্তব্যে উল্লেখ করেন।

০২। ১২-১৪ বছর বয়সী শিশু কিশোরদের সুপ্ত ক্রীড়া প্রতিভা অন্বেষণ এবং লালনের এই 'নতুন কুঁড়ি স্পোর্টস, ২০২৬' এর মাধ্যমে আশির দশকে বাংলাদেশে অত্যন্ত জনপ্রিয় 'নতুন কুঁড়ি' মডেলের পুনর্জাগরণ ঘটবে মর্মে প্রত্যাশা করছি। আগামী দিনগুলোতে আপনি এবং আপনার সহকর্মীদের এই অব্যাহত ঐকান্তিক প্রচেষ্টায় একদিকে যেমন আমরা ডিজিটাল আসক্তি এবং মাদকমুক্ত বাংলাদেশ গড়তে সক্ষম হবো, তেমনি ক্রীড়া ক্ষেত্রে বিশ্ব দরবারে বাংলাদেশের সম্মানজনক সুদৃঢ় অবস্থান নিশ্চিত হবে মর্মে আমার প্রত্যাশা।

০৩। 'নতুন কুঁড়ি স্পোর্টস, ২০২৬' প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানটি সফলভাবে আয়োজনে সক্রিয় অবদানের জন্য আপনার ও বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের বিশেষত শারীরিক কসরত এ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের প্রতি আমার ব্যক্তিগত এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। আপনার ও আপনার সহকর্মীদের সফল কর্মজীবন প্রত্যাশা করছি।

খুদেছা/৩

মোঃ আমিনুল হক

ত্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ সাইফ উল্লাহ, এনডিসি, পিএসসি
মহাপরিচালক
বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান
জিরানী, সাভার, ঢাকা।